



# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর  
গাজীপুর

স্মারক নং-৩২(০-৫)জাতীঃ বিঃ/পনি/অনার্স-০৪/২০১৬/২০১৭/২০১৮/২৪৫৯

তারিখ : ২৭ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ  
১১ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার সকল বিষয়ের প্রধান পরীক্ষকদেরকে জানানো যাচ্ছে যে, আপনাদের নিকট সংরক্ষিত পরীক্ষার মূল্যায়িত উত্তরপত্রগুলো বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী বিক্রয়ের অনুমতি প্রদান করা হলো। উত্তরপত্রের বিক্রয় প্রক্রিয়া অভিন্ন করার লক্ষ্যে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণের জন্য প্রধান পরীক্ষকগণের প্রতি অনুরোধ করা যাচ্ছে।

### নিয়মাবলী :

- ❖ মূল উত্তরপত্রের কভার পৃষ্ঠা বিচ্ছিন্ন করার শর্তসহ উত্তরপত্র বিক্রির জন্য প্রত্যেক প্রধান পরীক্ষক তাঁর স্বীয় এলাকার পুরাতন কাগজ ব্যবসায়ীদের নিকট বিক্রয় করতে পারবেন। উত্তরপত্র ওজন করে নেয়ার পূর্বেই উত্তরপত্রের কভার পৃষ্ঠা বিচ্ছিন্ন করার কাজ সম্পন্ন করতে হবে। কভার পৃষ্ঠা কোন অবস্থাতেই বিক্রি করা যাবে না। বরং সম্ভাব্য জটিলতা এড়ানোর লক্ষ্যে প্রধান পরীক্ষকের তদারকিতে কভার পৃষ্ঠা বিনষ্ট করে ফেলতে হবে।
- ❖ বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব শাখা প্রধান পরীক্ষকের উত্তরপত্র বিক্রয়ের টাকা বিধি মোতাবেক তাঁর বিল হতে কর্তন করে রাখবে।

আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ- ০২-৯২৯১০১৭ ফ্যাক্সঃ- ০২-৯২৯১০৪৪

Email: [Controller@nu.edu.bd](mailto:Controller@nu.edu.bd)